

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।  
[www.debendracollege.gov.bd](http://www.debendracollege.gov.bd)

নং-সদেক/২০২৪/হিসাব/এন-১/

তারিখ : ১২/০৯/২০২৪ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদনের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) প্রবেশ করে ১৫/০৯/২০২৪ হতে ২৬/০৯/২০২৪ খ্রি. তারিখের মধ্যে ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ এবং উপায়/বিকাশ/নগদের মাধ্যমে আবেদন ফি জমা দানের ক্ষেত্রে আবেদনকারীর করণীয় সংক্রান্ত নির্দেশনা:

১। বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী আগামী ১৫/০৯/২০২৪ হতে ২৬/০৯/২০২৪ তারিখের মধ্যে ভর্তির যোগ্যতা অর্জনকারী শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions))- এ প্রবেশ করে প্রাথমিক আবেদন যথাযথভাবে পূরণ করে Submit এর পর ডাউনলোডকৃত পিডিএফ কপির প্রিন্ট নিয়ে উপায়/বিকাশ/নগদের মাধ্যমে ৩০০/- (তিনশত) টাকা মাত্র ফিস পরিশোধ করে রশিদসহ প্রয়োজনীয় কাগজপত্র রসায়ন বিভাগের বারান্দায় (কমিটির নিকট) ২৬/০৯/২০২৪ তারিখের মধ্যে (সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত সরকারি ছুটির দিন ব্যতিত) জমা দিয়ে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

২। উপায়/বিকাশ/নগদে ফি প্রদানের পদ্ধতি: উপায়/বিকাশ/নগদ এর অ্যাপে গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অতঃপর Govt. Debendra College সিলেক্ট করলে Bill period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীরা তাদের ৭ ডিজিটের ভর্তির রোল দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার পরিমাণ দেখে নিশ্চিত হয়ে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান পূর্বক ফিস প্রদান করে জমা রশিদের প্রিন্ট নিতে হবে।

৩। প্রাথমিক আবেদনপত্রে কোন প্রকার ভুলের জন্য আবেদনকারী দায়ী থাকবে। তাই প্রাথমিক আবেদন ফরমটি সতর্কতার সাথে পূরণ করতে হবে। উপায়/বিকাশ/নগদের মাধ্যমে ফি পরিশোধ করে ফি জমাদানের রশিদ আবেদন পত্রের সাথে জমা না দিলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

আবেদন ফরমের সাথে যে সব কাগজপত্র জমা দিতে হবে:

০১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত প্রাথমিক আবেদন ফরম ১ কপি।


০২। এসএসসি ও এইচএসসি পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি ১টি করে।

০৩। এসএসসি ও এইচএসসি পরীক্ষার রেজি: কার্ডের ফটোকপি ১টি করে।


০৪। উপায়/বিকাশ/ নগদে ফি জমাদানের রশিদের কপি (মূল কপিতে নাম, মোবাইল নম্বর ও ভর্তির রোল নম্বর লিখে ফটোকপি করতে হবে। মূল কপি জমা দিতে হবে এবং ফটোকপি শিক্ষার্থীর কাছে থাকবে।)

বি.দ্র.- উপায়/বিকাশ/নগদ এর মাধ্যমে টাকা জমা দেওয়ার সময় কোন জটিলতা দেখা দিলে সাথে সাথে কলেজের আইসিটি বিভাগে (কক্ষ নং-১০৭) যোগাযোগ করতে হবে।

প্রতিস্বাক্ষর

  
অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ  
মানিকগঞ্জ।

  
আহ্বায়ক

২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কমিটি  
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।